# BRONX CHARTER SCHOOL FOR EXCELLENCE
# (ব্রঙ্কস চার্টার স্কুল ফর এক্সেলেন্স)

BRONX EXCELLENCE 1 (ব্রঙ্কস এক্সেলেন্স 1)
BRONX EXCELLENCE 2 (ব্রঙ্কস এক্সেলেন্স 2)
BRONX EXCELLENCE 3 (ব্রঙ্কস এক্সেলেন্স 3)
BRONX EXCELLENCE 4 (ব্রঙ্কস এক্সেলেন্স 4)
BRONX EXCELLENCE 5 (ব্রঙ্কস এক্সেলেন্স 5)

# ব্যক্তিগত নির্দেশে নিরাপদ প্রত্যাবর্তন এবং পরিষেবা পরিকল্পনার ধারাবাহিকতা

6 সেপ্টেম্বর, 2022

## BRONX CHARTER SCHOOL FOR EXCELLENCE (ব্রঙ্কস চার্টার স্কুল ফর এক্সেলেন্স) ব্যক্তিগত নির্দেশে নিরাপদ প্রত্যাবর্তন এবং পরিষেবা পরিকল্পনার ধারাবাহিকতা

### প্রাসঙ্গিক তথ্য

Bronx Charter Schools for Excellence 1-5 (ব্রঙ্কস চার্টার স্কুলস ফর এক্সেলেন্স) (Bronx Excellence)-এর লক্ষ্য হল আমাদের শিক্ষার্থীদের তাদের বুদ্ধিবৃত্তিক, শৈল্পিক, সামাজিক, মানসিক এবং নৈতিক বিকাশের মাধ্যমে শীর্ষস্থানীয় সরকারি, বেসরকারি এবং যাজকীয় উচ্চ বিদ্যালয়ে ভর্তির প্রতিযোগিতার জন্য প্রস্তুত করা। বিশ্বব্যাপী অতিমারির মধ্যে শিক্ষার জন্য নির্দেশনা প্রদানের পদ্ধতিতে পরিবর্তনের প্রয়োজন হয়, কিন্তু কোনোভাবেই এটি আমাদের লক্ষ্যকে পরিবর্তন করে না বা সকল শিক্ষার্থীদের জন্য উচ্চ-মানের শিক্ষামূলক প্রোগ্রামে সমান অ্যাক্সেসে আমাদের উদ্দেশ্য থেকে বিচ্যুত করে না।

আমাদের প্রথম পুনরায় খোলার পরিকল্পনা, যা 2020-এর জুলাইয়ে প্রকাশিত হয়েছিল, তিন প্রকারের পরিচালনামূলক দৃশ্য বর্ণনা করেছিল - পুরোপুরি সশরীরে নির্দেশনা, হাইব্রিড মডেল এবং দূরবর্তী শিক্ষার বিকল্প। 2020-21 শিক্ষাবর্ষ জুড়ে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) সরকারি স্বাস্থ্যের নির্দেশিকা অনুসরণ করেছিল এবং নির্দেশনার একটি হাইব্রিড মডেল সরবরাহ করেছিল। শিক্ষার্থীরা বিকল্প সময়সূচীযুক্ত সপ্তাহে দুইদিন লাইভ নির্দেশনা (সোম/মঙ্গলবার অথবা বৃহস্পতি/শুক্রবার) এবং তিনদিন দূরবর্তী নির্দেশনার মাধ্যমে স্কুলে অংশগ্রহণ করেছেন এবং বর্ধিত পরিচ্ছন্নতার সুবিধার্থে বুধবার ও সপ্তাহান্তে স্কুল ভবন বন্ধ রাখা হয়েছে। কোনো পরিবার সম্পূর্ণ দূরবর্তী শিক্ষা চাইলে, তাদের সশরীরে নির্দেশনা থেকে বেরিয়ে আসার সুযোগও দেওয়া হয়েছিল। মোটামুটিভাবে আমাদের শিক্ষার্থীদের 40% আমাদের হাইব্রিড মডেলে স্কুলে অংশগ্রহণ করেছেন এবং 60% সম্পূর্ণ দূরবর্তীভাবে শিক্ষা বেছে নিয়েছেন।

2021-এর জুলাইতে, আমরা সশরীরে নির্দেশনায় ফেরার জন্য একটি আপডেট করা পরিকল্পনা প্রকাশ করেছিলাম। আমাদের বিল্ডিংগুলি স্তরযুক্ত প্রশমন কৌশলগুলির সাথে পুনরায় খোলা হয়েছে। বিল্ডিংয়ে অ্যাক্সেস কঠোরভাবে শুধুমাত্র শিক্ষার্থী ও প্রয়োজনীয় কর্মচারীদের মধ্যে সীমিত রাখা হয়েছিল। শিক্ষার্থীরা তাদের ক্লাসরুমের মধ্যে ছিলেন, সামাজিক দূরত্ব বজায় রাখা হয়েছিল, সকলে ফেস মাস্ক পরেছিলেন এবং কর্মচারীরা সম্পূর্ণভাবে ভ্যাক্সিনপ্রাপ্ত ছিলেন। 2022 সালের জানুয়ারিতে, ডেল্টা এবং ওমিক্রন ভেরিয়েন্টের ফলে আক্রান্ত হওয়ার ক্রমবর্ধমান হারের কারণে আমরা একটি সংযোজন প্রকাশ করেছিলাম। সংক্রমণ নিয়ন্ত্রণ পদ্ধতি শক্তিশালী করার জন্য আমাদের পরিচিত কৌশলগুলি আমরা আরও কঠোরভাবে প্রয়োগ করেছি - আরও সংক্রমণ প্রতিরোধ করতে প্রত্যেককে ভ্যাকসিন নিতে, উচ্চ-গুণমানের ও ভালোভাবে ফিট করা মাস্ক পরতে, হাতের স্বাস্থ্যবিধি অভ্যাস করতে উৎসাহিত করা এবং প্রতিটি কেসের কনট্যাক্ট ট্রেস করা। এছাড়া, আমরা পরিবারগুলিকে ফ্রি স্ক্রিনিং টেস্টও অফার করেছি। মার্চের মধ্যে, কেসের হার কমে এসেছিল ও মাস্ক পরার বিষয়টিকে ইচ্ছাধীন করা হয়েছিল। গ্রীষ্মকালের মধ্যে, আমরা লাইভ গ্র্যাজুয়েশন সেরিমনি ও গ্রীষ্মকালের প্রোগ্রামিং অফার করতে পেরেছিলাম।

American Rescue Plan (ARP) (আমেরিকান উদ্ধার পরিকল্পনা) Elementary and Secondary School Emergency Relief (ESSER) (প্রাথমিক ও সেকেন্ডারি স্কুলের জরুরি অবস্থার ত্রাণ) তহবিলের প্রাপক হিসেবে এবং সর্বোত্তম অনুশীলনের বিষয় হিসেবে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) একটি *সশরীরে নির্দেশনায় নিরাপদ প্রত্যাবর্তন এবং পরিষেবা পরিকল্পনার ধারাবাহিকতা* প্রকাশ করেছে, যা কিছু নীতি এবং অনুশীলনের বর্ণনা দেয় যা আমরা আমাদের স্কুলগুলিকে নিরাপদে পুনরায় খোলা এবং পরিচালনাকে সমর্থন করতে এবং COVID-19 অতিমারির প্রভাবগুলি মোকাবিলায় প্রয়োগ করব। আমাদের পূর্ববর্তী পুনরাবৃত্তির জন্য, এই পরিকল্পনাটি প্রকাশের আগে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) আমাদের সিদ্ধান্ত-গ্রহণের ব্যাপারে জানানোর জন্য সমীক্ষার মাধ্যমে স্টেকহোল্ডার ও জনগণের কমেন্ট সংগ্রহ করেছে এবং আমাদের পুনরায় খোলার পরিকল্পনা তৈরি করেছে।

যেহেতু আমরা এখন ধীরে ধীরে অতিমারির প্রকোপ থেকে বেরিয়ে আসছি, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) CDC (Centers for Disease Control) (অসুখ নিয়ন্ত্রণের কেন্দ্র) এবং DOH (Department of Health) (স্বাস্থ্য বিভাগ)-এর ক্রমবিকশিত নির্দেশিকার সঙ্গে অভিযোজিত হওয়া চালিয়ে যাবে। সবকটি ভবন খোলাকে অগ্রাধিকার দেওয়ার জন্য স্কুলগুলি সমস্ত প্রশমন কৌশল বিবেচনা করছে। আমরা যাতে সর্বাধিক আপ-টু-ডেট করা তথ্য বজায় রাখতে পারি তা নিশ্চিত করতে আমরা COVID-19 কমিউনিটির স্তর, জনস্বাস্থ্য নির্দেশিকা এবং স্থানীয় পজিটিভিটির হারগুলি নিরীক্ষণ করা চালিয়ে যাচ্ছি। এটি মনে রাখা প্রয়োজন যে এই পরিকল্পনাগুলিকে জীবন্ত নথি হিসাবে বিবেচনা করা হয়। এই নথিগুলি পর্যালোচনা করা হবে এবং সেপ্টেম্বর 2023 পর্যন্ত প্রয়োজন হলে, প্রতি মাসে সংশোধন করা হবে। প্রয়োজন অনুসারে, আমরা আমাদের স্টেকহোল্ডারদের কাছ থেকে প্রতিক্রিয়া বিবেচনা করতে থাকব কারণ আমরা ক্রমাগত আমাদের পরিকল্পনার রূপায়ণ এবং বাস্তবায়ন পর্যবেক্ষণ করি।

## I. স্বাস্থ্য ও নিরাপত্তার কৌশল

SARS-CoV-2-এর বিস্তার প্রতিরোধ করতে এবং সশরীরে নির্দেশনার পুনরুদ্ধারকে অগ্রাধিকার দিতে Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) CDC এবং DOH-এর সুপারিশ মেনে চলতে থাকবে। নিম্নলিখিত বিভাগগুলি দৈনন্দিন পরিচালনার জন্য আমাদের নির্দেশিকা বর্ণনা করে। Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) 2022-23 শিক্ষাবর্ষের জন্য যতটা সম্ভব আমাদের স্বতন্ত্র শিক্ষামূলক মডেল বাস্তবায়ন করবে এবং স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নয়নের জন্য উপযুক্ত সরঞ্জাম স্থাপন করবে। COVID-19 কমিউনিটির স্তর এবং পরিস্থিতির পরিবর্তন অনুযায়ী, যখন যেরকম প্রয়োজন হবে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) প্রশমনের পদ্ধতিগুলি পুনঃস্থাপন করতে পারে। সবসময়ের মতোই, আমাদের সবথেকে ঝুঁকিপ্রবণ জনসংখ্যার উপর বিশেষ মনোযোগ রেখে, আমরা সকল শিক্ষার্থীদের সমতাযুক্ত শিক্ষার অধিকার সংরক্ষিত রাখা নিশ্চিত করব।

### টিকা

তীব্র অসুস্থতা প্রতিরোধ করতে, COVID-19 টিকার ব্যাপারে আপ টু ডেট থাকাই জনস্বাস্থ্যের সবথেকে কার্যকর কৌশল হয়ে উঠেছে। কোনো অবস্থান খুঁজে পেতে, আপনি NYC টিকা ফাইন্ডারদেখতে পারেন, অথবা 877-829-4692-তে কল করতে পারেন। আপনি আরও অবস্থান ও তথ্য এখানে দেখতে পাবেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে সমস্ত NYC DOE পাবলিক এবং চার্টার স্কুলের শিক্ষার্থী এবং কর্মীরা উচ্চ-ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপে অংশগ্রহণ করেন (যেমন প্রতিযোগিতামূলক খেলাধুলা, কোরাস, মিউজিক্যাল থিয়েটার, স্টেপ, এবং ডান্স টিম) তাদের কমিশনারের নির্দেশ অনুসারে

অবশ্যই সম্পূর্ণরূপে COVID-19 এর টিকা দিতে হবে। কমিশনারের অর্ডার পড়তে, on.nyc.gov/covid-vaccination-extracurricular দেখুন।

**মাস্ক**

ভালোভাবে ফিট হওয়া মাস্ক, বিশেষ করে ঘরের মধ্যে এবং জনবহুল এলাকায় COVID-19 ভাইরাসের সংক্রমণ ও প্রসার প্রতিরোধে বিশেষভাবে কার্যকরী হয়ে উঠেছে। স্কুল বিল্ডিংয়ে ও বাসে শিক্ষার্থী ও কর্মচারীদের মাস্ক পরার বিষয়টি বর্তমানে ঐচ্ছিক। তাদের ব্যক্তিগত যোগাযোগ ও ঝুঁকির স্তর অনুযায়ী, স্কুলে মাস্ক পরবেন কি না তা কোনো ব্যক্তি নিজে বেছে নিতে পারেন। মাস্ক পরার পছন্দের জন্য কোনো ধরনের কোনো হেনস্থা, হয়রানি বা বৈষম্য কোনোভাবেই সহ্য করা হবে না। কেউ স্কুলে মাস্ক পরতে চাইলে বা কারো মাস্কের প্রয়োজন হলে, তাদের জন্য স্কুলে মাস্ক উপলভ্য থাকবে।

দ্রষ্টব্য: টিকা দেওয়ার অবস্থা নির্বিশেষে, সমস্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত যে কোনো পরিস্থিতিতে একটি মাস্ক পরতে হবে:

- COVID-19 পরীক্ষায় পজিটিভ হওয়ার পর কেউ স্কুলে আসলে, তাকে অবশ্যই স্কুল বাস সহ স্কুল প্রাঙ্গনে থাকাকালীন 6-10 দিনের জন্য একটি ভালোভাবে ফিট হওয়া মাস্ক পরতে হবে। (1 নং দিন হল উপসর্গ শুরু হওয়ার পরের প্রথম সম্পূর্ণ দিন, অথবা উপসর্গ না থাকলে, টেস্ট করানোর পরের প্রথম সম্পূর্ণ দিন।)
- যে কোনো কারো COVID-19 উপসর্গ থাকলে, তাকে অবশ্যই স্কুলে মাস্ক পরতে হবে।
- স্কুলের নার্সের অফিসে প্রবেশ করার সময় সকলকে অবশ্যই মাস্ক পরতে হবে।
- যদি কেউ পরিচিত সংক্রামিত কারো ঘনিষ্ঠ সংস্পর্শে আসে, স্কুলের মধ্যে বা স্কুলের বাইরে, তাকে অবশ্যই শেষ সংস্পর্শে আসার 10 দিন পর পর্যন্ত মাস্ক পরতে হবে এবং অন্তত 5 দিন (6 নং দিনে) পরে টেস্ট করাতে হবে। 1 নং দিন হল কোনো পজিটিভ ব্যক্তির সঙ্গে শেষ সংস্পর্শের পর প্রথম সম্পূর্ণ দিন।

নিম্নলিখিত ক্ষেত্রে মাস্ক পরা দৃঢ়ভাবে সুপারিশ করা হয়:

- মাঝারিভাবে বা গুরুতরভাবে ইমিউনোকম্প্রোমাইজড ব্যক্তি
- কোনো স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারী সুপারিশ করলে
- জনবহুল ইনডোর সেটিংয়ে

কমিউনিটির স্তর মাঝারি থেকে তীব্র হলে, অথবা স্থানীয় কেসের হার বৃদ্ধি পেলে, Excellence প্রয়োজন অনুযায়ী মাস্কের প্রয়োজনীয়তা ও অন্যান্য প্রশমন প্রচেষ্টা অ্যাডজাস্ট করতে পারে। Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) CDC ও স্থানীয় স্বাস্থ্য দফতরগুলির নির্দেশিকা মেনে চলা চালিয়ে যাবে।

**অসুস্থ হলে বাড়িতে থাকা:**

Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) বিল্ডিং-এ যাওয়ার আগে বাড়িতে প্রতিদিনের স্ক্রিনিং-এর গুরুত্বের উপর জোর দিতে থাকবে। ভাইরাসের বিস্তার রোধ করার উদ্দেশ্যে, আমাদের অবশ্যই এটিকে আমাদের স্কুলে প্রবেশ করা প্রতিরোধ করার জন্য যথাসাধ্য চেষ্টা করতে হবে। নিচের তালিকাভুক্ত COVID-19-এর উপসর্গগুলির কোনো একটি দেখা দিলেই শিক্ষার্থী ও কর্মচারীদের বাড়িতে থাকতে হবে ও টেস্ট করাতে হবে। আপনি যদি PCR টেস্টের ফলাফলের অপেক্ষায় থাকেন, তবে টেস্টের ফলাফল না পাওয়া পর্যন্ত আপনার সতর্কতা অবলম্বন করা উচিত।

- জ্বর বা ঠাণ্ডা লাগা (100°F বা তার বেশি)
- কাশি

- শ্বাসকষ্ট বা শ্বাস নিতে কষ্ট হওয়া
- ক্লান্তি
- পেশি বা শরীরে ব্যথা
- মাথাব্যথা
- সম্প্রতি স্বাদ ও গন্ধের অনুভূতি চলে যাওয়া
- গলা ব্যথা
- নাকবন্ধ বা সর্দি
- বমি বমি ভাব বা বমি; এবং/অথবা
- ডায়রিয়া

**আপনি যদি COVID-19 পজিটিভ হন:**

যে সমস্ত শিক্ষার্থী ও কর্মচারী COVID-19-এর জন্য পজিটিভ হবেন, তাদের স্কুলকে তা জানাতে হবে এবং উপসর্গ শুরু হওয়ার অথবা টেস্ট করানোর পর অন্তত 5 দিন আলাদা থাকতে হবে (1 নং দিন হল উপসর্গ শুরু হওয়ার পরের প্রথম সম্পূর্ণ দিন, অথবা উপসর্গ না থাকলে, টেস্ট করানোর পরের প্রথম সম্পূর্ণ দিন)। জ্বর কমানোর ওষুধ ব্যবহার না করে কমপক্ষে 24 ঘন্টা জ্বরমুক্ত থাকলে এবং উপসর্গের উন্নতি হলে, বা কোনো উপসর্গ না থাকলে, কোনো উপসর্গ দেখা না দিলে তারা 6 নং দিনে আবার স্কুলে ফিরে আসতে পারেন। ফিরে এসে তাদের অবশ্যই 10 দিন পর্যন্ত মাস্ক পরতে হবে ও অতিরিক্ত সাবধানতা নিতে হবে। আপনার যদি শুরুতে কোনো উপসর্গ না থাকে এবং পরে উপসর্গ দেখা দেয়, আইসোলেশনে থাকা আবার শুরু করতে হবে, উপসর্গ শুরুর দিনটিকে 0 নং দিন হিসাবে ধরে। কীভাবে আইসোলেশনে থাকবেন, সে বিষয়ে আরও তথ্য এখানে পাওয়া যাবে।

**আপনি যদি COVID-19 ভাইরাসের সংস্পর্শে আসেন:**

শিক্ষার্থী বা কর্মচারীরা COVID-19-এর সংস্পর্শে আসলে CDC আর তাদের কোয়ারান্টাইনে থাকার পরামর্শ দেয় না। ঘনিষ্ঠ সংস্পর্শে আসা শিক্ষার্থী বা কর্মচারীদের যত তাড়াতাড়ি সম্ভব জানাতে হবে। তাদের সম্পূর্ণ 10 দিন মাস্ক পরতে হবে, শেষ সংস্পর্শে আসার দিনটিকে 0 নং দিন হিসাবে ধরে। (1 নং দিন হল সংস্পর্শে আসার পর প্রথম সম্পূর্ণ দিন।) তাদের কোনো উপসর্গ না থাকলে তারা স্কুলে আসা চালিয়ে যেতে পারেন। আপনার শেষ সংস্পর্শের কমপক্ষে 5 টি পূর্ণ দিন (6 নং দিন) পর টেস্ট করুন, সতর্কতা অবলম্বন করা চালিয়ে যান এবং উপসর্গগুলির জন্য পর্যবেক্ষণ করুন। উপসর্গগুলি দেখা দিলে, আইসোলেশনের ব্যবস্থা করুন ও টেস্ট করান। COVID-19 ভাইরাসের সংস্পর্শে এলে কী করবেন, সে সম্পর্কে আরও তথ্য আপনি এখানে পাবেন। স্কুলে থাকাকালীন কেউ সংস্পর্শে আসলে, বাড়িতে টেস্ট করার কিটও পরিবারগুলিকে ও কর্মচারীদের দেওয়া হবে।

**সমন্বয়**

জনস্বাস্থ্য নির্দেশিকা প্রতিদিনের ক্রিয়াকলাপের অংশ হিসাবে আর সমন্বিত হওয়ার পরামর্শ দেয় না। তবে, কনট্যাক্ট ট্রেসিং কার্যকর করার প্রয়োজন হলে, স্কুলগুলি সযত্নে ও সতর্কভাবে শিক্ষার্থীদের ও তাদের মধ্যে ইন্টারঅ্যাকশন নিরীক্ষণ করবে।

**হাত ধোয়া এবং শ্বাস প্রশ্বাসের বিধি**

হাত ধোয়া COVID-19 সহ সংক্রামক রোগের বিস্তার রোধ করতে সাহায্য করতে পারে। Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) হাত পরিষ্কার রাখার জন্য CDC নির্দেশিকা মেনে চলবে। স্কুলগুলি গুরুত্বপূর্ণ সময়ে, যেমন খাওয়ার আগে ও পরে ও রেস্টরুম ব্যবহারের পরে এই অভ্যাসগুলিকে উৎসাহিত এবং শক্তিশালী করতে থাকবে। কমপক্ষে 60% অ্যালকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার জনবহুল স্থানে এবং শ্রেণীকক্ষে স্পর্শ-না করা ডিসপেন্সারে পুরো বিল্ডিং জুড়ে ব্যাপকভাবে উপলভ্য থাকবে। ড্রপলেটের ছড়িয়ে যাওয়া আটকাতে হাঁচি ও কাশির সময় মুখ ঢেকে কর্মচারীরা শ্বাস প্রশ্বাসের স্বাস্থ্যবিধিও শক্তিশালী রাখা চালিয়ে যাবেন।

## পরিচ্ছন্নতা এবং বায়ুচলাচল

CDC এবং DOH নির্দেশিকা অনুসারে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) প্রতিদিন সবকিছু পরিষ্কার করার মাধ্যমে স্বাস্থ্যকর সুবিধা বজায় রাখবে, বিশেষ করে বেশিবার স্পর্শ হওয়া তলগুলি আরও ঘন ঘন পরিষ্কার করার মাধ্যমে। এছাড়া, সবকটি ক্লাসরুমে সারাদিনের প্রয়োজন অনুযায়ী, নিরাপদে পরিষ্কার করার প্রোডাক্ট রাখা থাকবে। স্কুলগুলির HVAC সিস্টেম 2020-তে সম্পূর্ণভাবে মূল্যায়ন করা হয়েছিল। 2021 সালের শরতের মধ্যে, সমস্ত স্কুলে MERV-13 ফিলট্রেশনের ব্যবস্থা করা হয়েছিল এবং/অথবা COVID-19-এর সূত্রপাতের কারণে উদ্ভূত বায়ুচলাচল সংক্রান্ত সমস্যা সমাধানে HVAC উন্নত করা হবে। করোনাভাইরাস ছড়িয়ে পড়ার সম্ভাবনা কমানোর জন্য আমরা পুনর্ব্যবহৃত বাতাস ব্যবহারের জন্য এবং স্কুল ভবনগুলিতে বাইরের খোলা হাওয়ার সঞ্চালন বাড়াতে বিদ্যমান বায়ুচলাচল ব্যবস্থার উন্নতির জন্য সরঞ্জামগুলি প্রতিস্থাপন এবং ইনস্টল করছি। আবহাওয়া ভালো থাকলে, স্কুলগুলিকে সারা বিল্ডিংয়ে খোলা হাওয়ার চলাচল বাড়াতে জানলা খুলে রাখার জন্য উৎসাহিত করা হচ্ছে।

## বর্ধিত কমিউনিটির স্তর বা প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া

COVID-19 কমিউনিটির স্তরগুলি বৃদ্ধির ইঙ্গিত দিলে, বিশেষত উচ্চ স্তরের সংক্রমণে, বা যদি কোনও স্কুল স্থানীয় প্রাদুর্ভাবের সম্মুখীন হয়, তখন Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) নিচে বর্ণিত স্তরযুক্ত প্রশমন ব্যবস্থাগুলি যোগ করার কথা বিবেচনা করবে। এই ব্যবস্থাগুলি সংক্রমণ এবং ঝুঁকির মাত্রার উপর ভিত্তি করে একটি একক ক্লাসরুম, স্কুল বা গ্রুপে প্রযোজ্য হতে পারে। কেসগুলি একটি নিরাপদ স্তরে হ্রাস পেলে, স্কুল ধীরে ধীরে বিধিনিষেধ সহজ করার কথা বিবেচনা করবে এবং পরবর্তী সপ্তাহগুলিতে কেসের হার নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে।

- কনট্যাক্ট ট্রেসিং
- বায়ুচলাচল উন্নত করা
- বর্ধিত পরিচ্ছন্নতার প্রোটোকল
- সার্বজনীন মাস্ক পরার বিধির পুনঃস্থাপন
- প্রভাবিত গ্রুপের জন্য স্ক্রিনিং টেস্টিং
- উচ্চ-ঝুঁকিসম্পন্ন অ্যাক্টিভিটিগুলি স্থগিত রাখা
- তীব্র প্রাদুর্ভাব হলে ক্লাসরুম বা স্কুল বন্ধ রাখা

## সামাজিক-মানসিক স্বাস্থ্য

Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) সমতা বজায় রাখার দিকে লক্ষ্য রেখে আমাদের শিক্ষার্থীদের শিক্ষিত করার কাজটি চালিয়ে যাবে। সকল শিক্ষার্থী যাতে উচ্চ-গুণমানের শিক্ষায় সমান অ্যাক্সেস পায়, এটি তা নিশ্চিত করবে। Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) আমাদের কমিউনিটির সামাজিক-মানসিক চাহিদাগুলিকেও সমর্থন করবে। স্কুলের দিনটি একটি সকালের মিটিং দিয়ে শুরু হবে, এই সময়ে শিক্ষার্থীরা সুস্থতার জন্য মননশীলতা ও কিছু ব্যায়াম অভ্যাস করতে পারেন। আমাদের স্কুলগুলি এমন সামাজিক কর্মীদের নিয়োগ বা যোগ করবে, যারা স্কুলের সামগ্রিক স্বাস্থ্য নিরীক্ষণ করতে, আমাদের পরিবার এবং কর্মীদের সংস্থান সরবরাহ করতে এবং প্রয়োজনে সরাসরি হস্তক্ষেপযুক্ত পরিষেবা দিতে সক্ষম হবেন। শিক্ষকরাও নিজেদের এবং তাদের শিক্ষার্থীদের সামাজিক-আবেগিক এবং মানসিক সুস্থতা নিশ্চিত করতে স্কুলের সমাজকর্মীদের সাথে একত্রিত হয়ে কাজ করবেন। Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) একটি শক্তিশালী আর্ট প্রোগ্রামও প্রদান করে, যা একটি সৃজনশীল প্রকাশকে উৎসাহিত করে এবং শিক্ষার্থীদের নিজেদের প্রকাশ করতে দেয়।

**মাঙ্কিপক্স সম্পর্কে জানুন**

মাঙ্কিপক্স হল মাঙ্কিপক্স ভাইরাস দ্বারা সৃষ্ট একটি রোগ, সাধারণত মাঙ্কিপক্সে আক্রান্ত ব্যক্তির ঘা থেকে ত্বক থেকে ত্বকের সরাসরি যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে পড়ে। এটি পোশাক বা বিছানার সংস্পর্শে বা মুখোমুখি যোগাযোগের সময় শ্বাস প্রশ্বাসের ড্রপলেট থেকেও ছড়াতে পারে। এই বর্তমান মাঙ্কিপক্সের প্রাদুর্ভাবে, ভাইরাসটি মূলত প্রাপ্তবয়স্কদের মধ্যে ঘনিষ্ঠ সংস্পর্শের সময়, যেমন যৌনতা, চুম্বন, আলিঙ্গন এবং ম্যাসাজের সময় ছড়িয়ে পড়েছে। এতে এমন ঘা হতে পারে, যা দেখতে ব্রণ বা ফোস্কার মতো, স্পর্শ করলে যেগুলিকে শক্ত মনে হয় এবং এগুলির কেন্দ্রে একটি গর্ত মতো আছে। কিছু ব্যক্তির ফ্লুয়ের মতো উপসর্গও রয়েছে।

- কারো র‍্যাশ বা ঘা হলেই সেটি মাঙ্কিপক্স বলে ধরে নেবেন না। বেশিরভাগ র‍্যাশ এবং ঘা মাঙ্কিপক্স ভাইরাসের থেকে সৃষ্ট নয়। ঘা বাচ্চাদের মধ্যে খুব সাধারণ এবং সাধারণত পোকার কামড়, ব্রণ, অ্যালার্জি বা অন্যান্য কারণে হয় যা সংক্রামক নয় এবং স্কুল, চাইল্ডকেয়ার, বা স্কুলের পরে ক্রিয়াকলাপে না গিয়ে বাড়িতে থাকার প্রয়োজন হয় না।
- কোনো শিশুর নতুন বা অজানা কোনো র‍্যাশ বা ঘা দেখা দিলে স্কুলের নার্স বা তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে দিয়ে দেখাতে হবে। মাঙ্কিপক্সের ব্যাপারে আরও তথ্য আপনি nyc.gov/monkeypox.-এ পাবেন।

## II. জনগণের মন্তব্য

Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) জুলাই মাসে আমাদের ARP ESSER তহবিল অগ্রাধিকার এবং শরতে নিরাপদে পুনরায় খোলার পরিকল্পনার উপর কমিউনিটির ইনপুট প্রকাশ করার জন্য একটি সমীক্ষা প্রকাশ করেছে। আমরা মা-বাবা, কর্মচারী, অ্যাডমিনিস্ট্রেটর ও কমিউনিটির সদস্যদের থেকে 234টি উত্তর পেয়েছি। সংগৃহীত প্রতিক্রিয়াগুলি অগ্রাধিকারের প্রবণতার জন্য বিশ্লেষণ এবং পর্যালোচনা করা হয়েছিল। আমাদের সমীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে, প্রতিক্রিয়াগুলি পূর্ববর্তী এবং বর্তমান তহবিল অগ্রাধিকারগুলির সাথে সংযুক্ত করা হয়েছিল। গ্রীষ্মকালে, স্কুলের নেতারা তাদের বার্ষিক পারিবারিক চ্যাট পরিচালনা করবেন। এগুলি আগত পরিবারগুলির জন্য স্কুলের নেতাদের সাথে পৃথকভাবে দেখা করার, মডেল সম্পর্কে জানার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ। পুরো শিক্ষাবর্ষ জুড়ে, আমরা আমাদের পরিবার এবং কর্মীদের কাছ থেকে আমাদের অগ্রগতির ব্যাপারে, আমাদের বোর্ডের প্রতিনিধিদের কাছ থেকে প্রতিক্রিয়া জানাতে থাকব এবং পর্যায়ক্রমে অন্তত প্রতি ছয় মাসে এবং পরিস্থিতির পরিবর্তন অনুযায়ী আমাদের *সশরীরে নির্দেশনায় নিরাপদ প্রত্যাবর্তন ও পরিষেবার ধারাবাহিকতা পরিকল্পনা* পর্যালোচনা (প্রয়োজন হলে, সংশোধন) করব। প্রতিক্রিয়ার সুযোগ প্রদান করতে এবং ভবিষ্যতের স্কুল বছরগুলির জন্য বার্ষিক সমীক্ষা বিবেচনা করার জন্য আমরা আমাদের অভিভাবক সমিতির সঙ্গে জড়িত থাকব।

তহবিল ব্যবহার

Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে অপ্রত্যাশিত খরচগুলিকে সমর্থন করার জন্য তিন দফা ফেডারেল তহবিল পাচ্ছে। প্রথম পরিমাণটি Elementary and Secondary School Emergency Relief (ESSER) I (এলিমেন্টারি ও সেকেন্ডারি স্কুলের জরুরি অবস্থার ত্রাণ) ফান্ডের মাধ্যমে বিতরণ করা হয়েছিল। এটি অতিরিক্ত PPE এবং শিক্ষার ধারাবাহিকতা প্রচারের জন্য ক্রোমবুক ও সফটওয়্যার কিনতে ব্যবহৃত হয়েছিল। আমাদের পরবর্তী দুই রাউন্ডের তহবিল ESSER II এবং American Rescue Plan (ARP) (আমেরিকান উদ্ধার পরিকল্পনা) ESSER III-এর মাধ্যমে প্রদান করা হয়। এই তহবিলগুলি দ্রাঘিমাংশ বরাবর খরচের ভারসাম্য বজায় রাখতে ব্যবহার করা হচ্ছে এবং নিম্নলিখিতগুলির জন্য বরাদ্দ করা হবে:

- আমাদের শিক্ষার্থী এবং কর্মীদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতায় সহায়তা করার জন্য সমাজকর্মীদের নিয়োগ করা
- শিক্ষায় উন্নতির জন্য অতিরিক্ত নির্দেশনায় সহায়ক কর্মচারী
- প্রয়োজন হলে বিকল্প শিক্ষক প্রদান
- সামাজিক-মানসিক স্বাস্থ্য এবং সুস্থতাকে সমর্থন করতে এবং শেখার অগ্রগতি/শিক্ষার ক্ষতির প্রতিকারের জন্য গ্রীষ্মকালীন প্রোগ্রামিং
- অতিরিক্ত পরিষ্কারের পরিষেবা, PPE ও সরঞ্জাম
- শেখায় ক্ষতির প্রতিকার, অতিরিক্ত সহায়তা প্রদান এবং শেখার গতি ত্বরান্বিত করার জন্য উপযুক্ত, ব্যক্তিগত এবং ছোট-গ্রুপে নির্দেশনার মাধ্যমে বর্ধিত শেখার সুযোগ প্রদানের জন্য নিযুক্ত শিক্ষকদের একটি ক্যাডার তৈরি করা
- শেখার উন্নতি, কাজ এবং বাড়ির মধ্যে মসৃণ মড্যুলেশন সহজতর করা এবং সশরীরে এবং প্রয়োজনে দূরবর্তী নির্দেশনার সুবিধার্থে 2:1 কম্পিউটার-ও শিক্ষার্থীর অনুপাতে ক্রোমবুক কেনা
- শেখার ধারাবাহিকতার জন্য সফটওয়্যার

## III. পর্যায়ক্রমিক পর্যালোচনার প্রক্রিয়া

পরিস্থিতির পরিবর্তন অনুযায়ী, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) ক্রমাগত সংক্রমণের হার এবং নির্দেশিকা নিরীক্ষণ করবে এবং আমাদের পরিকল্পনার কার্যকারিতা পরিমাপ করবে। এছাড়াও আমরা 30 সেপ্টেম্বর, 2023 পর্যন্ত, অন্তত প্রতি ছয় মাসে একবার আমাদের *সশরীরে নির্দেশনায় নিরাপদ প্রত্যাবর্তন এবং পরিষেবায় ধারাবাহিকতার পরিকল্পনা* পর্যালোচনা ও প্রয়োজন হলে সংশোধন করব এবং প্রতিটি পর্যালোচনায় জনগণের ইনপুট নিয়ে চিন্তাভাবনা করব। প্রয়োজন অনুযায়ী, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) আমাদের ওয়েবসাইটে যেকোনো আপডেট পোস্ট করবে এবং আমাদের পরিবারগুলিকে নীতিতে যেকোনো পরিবর্তন সম্পর্কে সচেতন রাখবে।

## V. বোধগম্য এবং অভিন্ন ফরম্যাট

Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স) আমাদের ওয়েবসাইটে আমাদের *সশরীরে নির্দেশনায় নিরাপদ প্রত্যাবর্তন এবং পরিষেবার ধারাবাহিকতা পরিকল্পনা* পোস্ট করবে। উল্লেখযোগ্য নীতি, পরিচালনামূলক, বা স্বাস্থ্য সংক্রান্ত ডেটা পরিবর্তনের সাথে সাথে, Bronx Excellence (ব্রঙ্কস এক্সেলেন্স)-এর অভিভাবকদের সঙ্গে যোগাযোগের নিবেদিত প্ল্যাটফর্ম, School Messenger-এর পাশাপাশি, বিস্তৃত ইমেইল এবং ফোন কলের মাধ্যমে অভিভাবকদের জানানোর ক্ষমতা রয়েছে। আমরা রিয়েল-টাইম আপডেট এবং আমাদের COVID-19 প্রতিক্রিয়ার যেকোনো পরিবর্তনের জন্য এই প্ল্যাটফর্মের পাশাপাশি আমাদের সোশ্যাল

মিডিয়া অ্যাকাউন্ট এবং ওয়েবসাইটগুলি ব্যবহার করব। অধ্যাপক এবং কর্মীরা নেতৃত্ব, অধ্যাপক এবং কর্মীদের মধ্যে যোগাযোগ মানসম্মত করতে Office 365 ইমেইল প্ল্যাটফর্ম ব্যবহার করবেন।

<u>যোগাযোগ ব্যবস্থা</u>

স্কুলগুলি পিতামাতা, শিক্ষার্থী, অধ্যাপক এবং কর্মীদের সাথে যোগাযোগ করতে নিম্নলিখিত চ্যানেলগুলি ব্যবহার করবে।

- Office 365 ইমেইল: অধ্যাপক এবং কর্মচারীদের যোগাযোগের প্ল্যাটফর্ম
- School Messenger (স্কুল মেসেঞ্জার): মা-বাবাদের যোগাযোগের প্ল্যাটফর্ম
- Clever (ক্লেভার): অধ্যাপক, কর্মচারী, মা-বাবা এবং শিক্ষার্থীদের রিসোর্স হাব এবং যোগাযোগ প্ল্যাটফর্ম
- স্কুলের ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ার অ্যাকাউন্ট

<u>একাধিক ভাষায় যোগাযোগ</u>

School Messenger (স্কুল মেসেঞ্জার) মা-বাবাদের জন্য একটি যোগাযোগ করার প্ল্যাটফর্ম। এটি এসএমএস (টেক্সট মেসেজ), ভয়েস মেসেজ এবং ইমেইলের মাধ্যমে যোগাযোগের সুবিধা দেয়। প্ল্যাটফর্মটিতে একটি বিল্ট-ইন অনুবাদের টুল রয়েছে যা 100 টিরও বেশি ভাষায় মেসেজ অনুবাদ করতে পারে। (<u>এখানে বিস্তারিত দেখুন</u>)